ALL INDIA RADIO

REGINAL NEWS UNIT- SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

2 JUNE 2024 7:45—7:55 PM IST

==============================================================

১) অরুণাচল প্রদেশ ও সিকিম বিধানসভা নির্বাচনের ভোটগণনা সম্পন্ন । অরুণাচল প্রদেশে ভারতীয় জনতা পার্টী এবং সিকিমে সিকিম ক্রান্তিকারী মোর্চার পুনরায় ক্ষমতা দখল ।

২) আসাম তথা উত্তর-পূর্বাঞ্চলে রীমাল ঘূর্ণীঝড়ের পরবর্তী পর্যায়ের পরিস্থিতি সম্পর্কে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে বৈঠক সম্পন্ন । দুর্যোগে নিহত ব্যাক্তির নিকআয়ীকে এককালীন সহায়তা প্রদান করার কথা ঘোষণা ।

৩) রীমাল ঘূর্ণী ঝড়ে প্রভাবিত কাছাড় , করিমগঞ্জ , হাইলাকান্দি সহ নগাওয়ের বন্যা পরিস্থিতি অপরিবর্তীত ।

৪) শিলচর রেল ষ্টেশনে জমা জলের পরিপ্রেক্ষিতে বেশ কয়েকটি ট্রেনের যাত্রা আগামীকাল ও পড়শু বাতিল ।

---

ভারতীয় জনতা পার্টী ( বি জে পি ) অরুণাচল প্রদেশে পুনরায় ক্ষমতায় এসেছে অন্যদিকে ক্ষমতাসীন সিকিম ক্রান্তিকারী মোর্চা দ্বিতীবারের জন্য সিকিমে ক্ষমতা দখল করেছে । অরুণাচল প্রদেশ এবং সিকিম বিধানসভা নির্বাচনের ভোট গণনা আজ সম্পূর্ণ করা হয় । উল্লেখ্য যে ৬০ সদস্য বিশিষ্ট অরুণাচল বিধানসভা এবং ৩২ সদস্য বিশিষ্ট সিকিম বিধানসভা নির্বাচনের ভোট গত ১৯ এপ্রিল লোকসভা নির্বাচনের প্রথম দফায় একসঙ্গে গ্রহণ করা হয়েছিল । অরুণাচল প্রদেশে ভারতীয় জনতা পার্টী আগেই বিনা প্রতিদ্বন্দিতায় ১০টি আসনে জয়লাভ করেছিল । উল্লেখযোগ্য বিজয়ীদের মধ্যে রয়েছেন মুখ্যমন্ত্রী পেমা খান্ডু , উপ- মুখ্যমন্ত্রী চৌওনা মেইন প্রমুখ । যে ৫০টি আসনের জন্য ভোট গ্রহণ করা হয়েছিল এর মধ্যে বি জে পি একক ভাবে ৪৬টি আসনে জয়ী হয়ে পুরায় ক্ষমতা দখল করেছে । এছাড়া নেশন্যাল পিপোলস পার্টী ( এন পি টি ) ৫টি , নেশন্যালিষ্ট কংগ্রেস পার্টী এবং নির্দল প্রার্থীরা যথাক্রমে ৩টি , পিপোলস পার্টী অব অরুণাচল ২টি এবং কংগ্রেস ১টি আসনে জয়লাভ করেছে । ক্ষমতায় পুনরায় আসলেও বি জে পির কয়েকজন বিশিষ্ট নেতা তথা বর্তমান বিধায়ক বিরোধী দলগুলির কাছে পরাজয় বরণ করেছেন ।

অন্যদিকে ৩২ সদস্য বিশিষ্ট সিকিম বিধানসভায় শাসনাধিষ্ট সিকিম ক্রান্তিকারী দল ( এস কে এম ) ৩১টি আসনে জয়লাভ করে বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে দ্বিতীয়বার জন্য পুনরায় ক্ষমতা দখল করেছে । বিরোধী সিকিম গণতান্ত্রিক ফ্রন্ট ( এস ডি এফ ) শুধুমাত্র ১টি আসনে জয়ী হতে সক্ষম হয়েছে । এস কে এম সভাপতি তথা সিকিমের মুখ্যমন্ত্রী দুটি আসন থেকে প্রতিদ্বন্দিতা করে উভয় আসন থেকেই জয়ী হয়েছেন ।

---

কংগ্রেস দলের সর্বভারতীয় সভাপতি মল্লিকার্জুন খার্গে , কংগ্রেস সাংসদ রাহুল গান্ধী এবং দলের সাধারণ সম্পাদক কে সি ভেনুগোপাল আজ নতুন দিল্লীতে একটি ভার্চ্যুয়াল বৈঠকে অংশ গ্রহণ করে ভোট গণনার পূর্বে দলের ভবিষ্যৎ রণনীতির পরিকল্পনা করেন । বৈঠকে দলের বিভিন্ন লোকসভা আসনের প্রার্থী , কংগ্রেস বিধায়নী দলের নেতা এবং বিভিন্ন রাজ্যের প্রদেশ কংগ্রেস সভাপতিরা উপস্থিত ছিলেন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে নতুনদিল্লীতে আজ আসাম তথা উত্তরপূর্বাঞ্চলের অন্য রাজ্যগুলিতে রেমাল ঘূর্নিঝড়ের পরবর্তী পর্যায়ের স্থিতির পর্যালোচনা সম্পর্কে এক বৈঠক অনুষ্ঠিত হয় । বৈঠকে মিজোরাম , আসাম , মণিপুর , মেঘালয় ও ত্রিপুরায় রেমাল ঘূর্নিঝড়ের প্রভাবে সৃষ্টি হোয়া প্রাকৃতিক দূযোগের ফলে ক্ষয় ক্ষতি সম্পর্কে সংশ্লিষ্ট কতৃপক্ষ প্রধানমন্ত্রীকে অবগত করে । ঘূর্নিঝড়ের দ্বারা প্রভাবিত রাজ্যগুলিকে কেন্দ্রীয় সরকার সব ধরনের সাহায্য সহযোগীতা করবে বলে প্রধানমন্ত্রী আশ্বাস প্রদান করেন । প্রধানমন্ত্রীর কার্যালয়ের পক্ষ থেকে আসম , মণিপুর , মেঘালয় , মিজোরাম , ত্রিপুরা ও পশ্চিমবংগে রেমালের প্রভাবে উদ্ভব হোয়া প্রাকৃতিক দূযোগের ফলে নিহত ব্যাক্তির নিকটাত্মীয়কে দুই লক্ষ টাকা করে এককালীন সাহায্য ও আহতদের ৫০ হাজার টাকা করে এককালীন সাহায্য প্রদানের বিষয়ে ঘোষনা করা হয়েছে ।

---

রীমাল ঘূর্ণীঝড়ের প্রভাবে ভারী বৃষ্টিপাতের ফলে রাজ্যের বর্তান বন্যা পরিস্থিতি আজও অপরিবর্তীত রয়েছে । এখনও বরাক উপত্যকার তিন জেলা কাছাড় , করিমগঞ্জ এবং হাইলাকান্দি সহ নগাওর বন্যা পরিস্থিতি জটিল অবস্থায় রয়েছে । আসাম রাজ্য দুর্যোগ মোকাবিলা বাহিনী কর্তৃপক্ষের তথ্য অনুসারে রাজ্যের ১০টি জেলার ৬ লক্ষের অধিক লোক বন্যার কবলে রয়েছেন । গত ২৪ ঘন্টায় বন্যার ফলে রাজ্যে আরো তিনজন লোক প্রান হারিয়েছেন , ফলে মৃতের সংখ্যা বৃদ্ধি পেয়ে হয়েছে ১১ । কাছাড় , করিমগঞ্জ , হাইলাকান্দি সহ হোজাই , মরিগাও , নগাও , ডিব্রুগড় , গোলাঘাট , পশ্চিম কার্বি-আংলং এবং ডিমা হাসাও জেলার মোট ২৫টি রাজস্ব চক্রের অধীনে ৫শো ৯৭টি গ্রাম বন্যার জলে প্লাবিত হয়েছে এবং ৮শো হেক্টোরেরও অধিক কৃষি জমি ক্ষতিগ্রস্থ হয়েছে । রাজ্য সরকার বন্যা প্রভাবিত জেলা গুলিতে মোট ১শো ৮৭টি ত্রান শিবির এবং ৯৬টি সহায়তা কেন্দ্র স্থাপন করেছে । উদ্ধার ও ত্রান সহায়তা অভিযানে এন-ডি-আর-আফ এবং এস-ডি-আর-এফ বাহিনীর বেশ কয়েকটি দলকে নিয়োগ করা হয়েছে । গত ২৪ ঘন্টায় এন-ডি-আর-এফ এর প্রথম একটি বাহিনীকে গৌহাটি থেকে বিমানযোগে কাছাড় , করিমগঞ্জ এবং হাইলাকান্দিতে প্রেরণ করা হয়েছে । এস ডি আর এফ সূত্রে জানানো হয়েছে যে বন্যার ফলে গতকাল রাজ্যের বিভিন্ন জেলায় আরো ২৭টি সড়ক এবং বাঁধ সহ বেশ কয়েকটি অন্যান্য পরিকাঠামো ক্ষতিগ্রস্থ হয়েছে ।

এদিকে ,করিমগঞ্জে বন্যা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য বিনিময়ের জন্য একটি বিশেষ নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন করা হয়েছে । জলসম্পদ বিভাগের উত্তর করিমগঞ্জ কার্যালয়ে স্থাপন করা নিয়ন্ত্রণ কক্ষের টেলিফোন নম্বর হচ্ছে ৯১০১৭৩০৪১৫ .

---

শিলচর রেল স্টেশনে জল জমা থাকার পরিপ্রেক্ষিতে আগামীকাল ও পরশু যাত্রা করা ট্রেনগুলি বাতিল করা হয়েছে । সে অনুযায়ী আগামীকাল যাত্রা করা শিলচর-নাহারলাগুন এক্সপ্রেস সহ বদরপুর-দুর্লভছড়া-বদরপুর ,শিলচর-মহিষাশন-শিলচর ,শিলচর-দুর্লভছড়া ,শিলচর-ভাঙ্গাইচুংপাও এবং শিলচর-ভৈরবী বিশেষ যাত্রী ট্রেনগুলি বাতিল করা হয়েছে ।

এছাড়া পরশুদিন অর্থাৎ আগামী মঙ্গলবার যাত্রা করা নাহারলাগুন- শিলচর এক্সপ্রেস সহ দুর্লভছড়া -শিলচর ,ভাঙ্গাইচুংপাও-শিলচর এবং ভৈরবী-শিলচর বিশেষ যাত্রী ট্রেনগুলি বাতিল করা হয়েছে বলে উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে ।

---

আসাম সরকারের বিদ্যালয় শিক্ষা বিভাগ আগামী ৭ ই জুনের মধ্যে শিক্ষা সেতু এ্যাপের মাধ্যমে ছাত্র ছাত্রীর পঞ্জীয়ন ও ভর্তি প্রক্রিয়া সম্পূর্ন করতে সব জেলাকে নির্দেশনা জারি করেছে । বিদ্যালয় শিক্ষা বিভাগের সচিব নারায়ন কোওর এর সম্প্রতি জারি করা এই নির্দেশে নির্ধারিত সময়ের পর নতুন ছাত্র ছাত্রীর পঞ্জীয়ন প্রক্রিয়ার সুবিধা বন্ধ হয়ে পড়বে বলে উল্লেখ করা হয়েছে ।উল্লেখ্য নতুন শিক্ষা বর্ষের দুটি মাস অতিক্রম করার পর ও শিক্ষা সেতু এ্যাপে ছাত্র ছাত্রীর পঞ্জীয়ন চলতে থাকায় কত সংখ্যক ছাত্র ছাত্রীকে বিনামূল্যে পাঠ্যবই ইত্যাদির সুবিধা প্রদান করতে হবে শিক্ষা বিভাগ এতে অসুবিধার সম্মুখীন হয়ে পড়েছে ।এর ফলস্বরুপ বিদ্যালয় শিক্ষা বিভাগ রাজ্যের সব জেলার শিক্ষা বিভাগের অতিরিক্ত আয়ুক্ত , জেলা মিশন সমন্বয়ক , বিদ্যালয় পরিদর্শক ও জেলা প্রাথমিক শিক্ষা আধিকারিককে বিজ্ঞপ্তী জারি করে আগামী ৭ ই জুনের মধ্যে শিক্ষা সেতু এ্যাপের মাধ্যমে ছাত্র ছাত্রীর পঞ্জীয়ন ও নাম ভর্তি প্রক্রিয়া সম্পূর্ন করার নির্দেশ দিয়েছে ।

লোকসভা নির্বাচনের আগামী চৌঠা জুন অনুষ্ঠেয় ভোট গননার প্রতি লক্ষ্য রেখে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ভোট গননা শেষ না হোয়া পর্যন্ত ঐদিন ড্রাই ডে ঘোষনা করেছেন । সেই সময়কালে সব ধরণের নেশাযুক্ত দ্রব্যের সেবন , বিক্রয় , মজুতকরণ ইত্যাদি ক্ষেত্রে ভারতীয় দন্ডবিধির ১৪৪ ধারার অধীনে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে । সব শুল্কহীন পণ্যাগার , ভারতে নির্মিত বৈদেশিক মদের খুচরা দোকান অথবা বার , ক্লাব , হোটেল , দেশী মদের দোকান বা অন্যান্য প্রতিষ্ঠানে এই সময়কালে মদ বিক্রয় বা পরিবেশন বন্ধ থাকবে । আবগারী আইনের অধীনে অনুজ্ঞাপত্র বিহীনভাবে মাদক দ্রব্য মজুতকরণের বিরুদ্ধে জেলাগুলির আয়ুক্তদের দ্বারা ব্যাপক অভিযান চালানো সহ আইন অনুআয়ী ব্যবস্থা গ্রহণ করা হবে ।

---

আসাম ভাষিক সংখ্যালঘু উন্নয়ন পর্ষদের উদ্যোগে এবছর বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তী উপলক্ষে আসামের বিভিন্ন জেলায় বয়স ভিত্তিক রবীন্দ্র সংগীত ও রবীন্দ্র নৃত্য প্রতিযোগীতার আয়োজন করা হয়েছে ।অনুষ্ঠানের মূলপর্বে অংশ গ্রহনের জন্য প্রথমে স্থানীয়ভাবে বাছাই পর্ব অনুষ্ঠিত হবে ।হাইলাকান্দি জেলায় আগামী ৮ ও ৯ ই জুন রবীন্দ্র সংগীত ও রবীন্দ্র নৃত্যের জন্য মোট তিনটি বিভাগে অডিশন পর্ব সম্পূর্ন বিনামূল্যে অনুষ্ঠিত হবে । সংগীত ও নৃত্য বিভাগ থেকে ১২ জন প্রতিযোগী হাইলাকান্দি জেলাকে প্রতিনিধিত্ব করবে ।প্রতিযোগীতার ফাইনাল আগামী ২১ ২২ ও ২৩ শে জুন গৌহাটী শংকরদেব কলাক্ষেত্রে অনুষ্ঠিত হবে ।উন্নয়ন পর্ষদের পক্ষ থেকে জেলার সংস্কৃতি কর্মী শংকর চৌধুরীকে জেলা সংযোজক ও দীপ শংকর পাল ও প্রীতম দেকে হাইলাকান্দি সেন্টারের সদস্য মনোনীত করে প্রতীযোগীতার সম্পূর্ন পর্ব পরিচালনার জন্য দায়িত্ব অর্পন করা হয়েছে । বিস্তারিত বিবরণ ৯৪০১৯২৯৭২২ , ৯৮৬৪৮৩৮৬৭৭ এবং ৯৪৩৫১ ৭৮১৭৮ ফোন নম্বরে জানা যাবে ।

---

**সমাপ্ত**